

মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি, বটিয়াঘাটা, খুলনা এর ০১/০৭/২০২১ খ্রিঃ  
তারিখের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : 

জনাব চঞ্চলা মন্ডল

সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি

ও

উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ  
বটিয়াঘাটা, খুলনা।

সময় : সকাল ১১.০০ টা।

তারিখ : ০১/০৭/২০২১ খ্রিঃ

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

ক্রঃ নং	পদবী	স্বাক্ষর
০১।	সদস্য ও উপজেলা ভাইস চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২।	সদস্য ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	চেয়ারম্যান, ৪ নং সুবখালী ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত
০৪।	চেয়ারম্যান, ৬নং বালিয়াডাংগা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত
০৫।	সংরক্ষিত মহিলা সদস্য, ৩ নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত
০৬।	সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার	স্বাক্ষরিত

সভার শুরুতে সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান জনাব চঞ্চলা মন্ডল, উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, বর্তমান সরকারের সাফল্যের ধারাবাহিকতা ধরে রাখার জন্য আমাদের সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। অতঃপর তিনি সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে সভায় আলোচনা কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।

আলোচনা :- সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান সেমি ইনটেনসিভ চাষীদের উপর ২ ব্যাচ ২৫\*২= ৫০ জন আছহী চাষীদের প্রশিক্ষণ প্রয়োজন। উক্ত প্রশিক্ষণ বাবদ এডিবি হতে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকার একটি প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত :- এ বিষয়ে আলোচনার পর উপজেলা পরিষদের পুকুরে এডিবির অর্থায়নে ৫০ জন চাষীকে প্রশিক্ষণের বিষয়ে একটি উপজেলা সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রাণিসম্পদ-

উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে এবং উপজেলায় টিকা প্রদানকারী কর্মীদের প্রশিক্ষণ করানো প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত :- টিকা প্রদানকারী কর্মীদের ০১ ব্যাচ (২৫\*১ = ২৫ জন) জাইকার (JICA) অর্থায়নে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

চঞ্চলা মন্ডল

উপজেলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

ও

সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি।

স্মারক নং- ৩৩.০২.৪৭০০.৫০১.৫৮.০০১.১৯-১২৭/১(৩০)

তারিখ : ০১/০৭/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। জনাব চঞ্চলা মন্ডল, উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি, বটিয়াঘাটা, খুলনা।
- ৪। জনাব নিতাই গাইন, উপজেলা ভাইস চেয়ারম্যান ও সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি, বটিয়াঘাটা, খুলনা।
- ৫-৮। ..... মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি।
- ৯। অফিস কপি।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার

বটিয়াঘাটা, খুলনা।

ও

সদস্য সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত কমিটি।